


বেবিচক-এর ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরের এপিএ, শুদ্ধাচার ও ইনোভেশন পুরস্কার প্রদান অনুষ্ঠান

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর এপিএ, শুদ্ধাচার ও ইনোভেশন পুরস্কার প্রদানের লক্ষ্যে বেবিচক-এর চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান, বিবিপি, বিইউপি, বিএসপি, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি-এর সভাপতিত্বে গত ২৭ অক্টোবর ২০২২ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে কর্তৃপক্ষের সকল সদস্য, প্রধান প্রকৌশলী, নির্বাহী পরিচালক ও পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন। উক্ত অনুষ্ঠানে ২০২০-২১ অর্থবছরের এপিএ, শুদ্ধাচার ও ইনোভেশন পুরস্কার এবং ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার ও ইনোভেশন পুরস্কারের জন্য মনোনীত বিভাগ ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দকে পুরস্কৃত করা হয়।

উল্লেখ্য, ২০২০-২১ অর্থবছরে এপিএ-এর লক্ষ্যমাত্রা অর্জনে শতভাগ সাফল্য অর্জন করায় প্রকৌশল বিভাগকে স্বীকৃতি হিসেবে প্রদত্ত একটি ক্রেস্ট ও সম্মাননাপত্র বিভাগের পক্ষে প্রধান প্রকৌশলী জনাব মোঃ আব্দুল মালেক গ্রহণ করেন। একই অর্থবছরে শুদ্ধাচার পুরস্কারের জন্য মনোনীত ৪র্থ হতে ১০ম গ্রেড ক্যাটাগরিতে জনাব এ কে এম ফায়জুল হক, পরিচালক (এয়ার ট্রান্সপোর্টেশন) ও ১১শ হতে ২০শ গ্রেড ক্যাটাগরিতে জনাব অনিমা ওয়াহিদা রোজী, সহকারী সমন্বয় কর্মকর্তাকে এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থসম্বলিত চেকসহ একটি সম্মাননা সনদ ও একটি ক্রেস্ট প্রদান করা হয়।

অফিস কৃষি' শীর্ষক উদ্ভাবনী ধারণা প্রদান ও তা বাস্তবায়নের জন্য জনাব মোঃ আব্দুল লতিফ, সহকারী পরিচালক (এজিএ)-কে ১৫,০০০ টাকার প্রাইজবন্ড, একটি ক্রেস্ট এবং উপ-আনুষ্ঠানিক পত্র এবং অর্জিত ছুটির অনুমোদন প্রক্রিয়া সহজীকরণের জন্য জনাব মোহাম্মদ নূরুল ইসলাম, পরিচালক (মানব সম্পদ উন্নয়ন ও সাধারণ প্রশিক্ষণ), জনাব মুহাম্মদ আব্দুল মোনেম, উপ-পরিচালক (পরিকল্পনা) এবং জনাব মোহাম্মদ আবদুল ইসলাম, উপ-পরিচালক (মানব সম্পদ উন্নয়ন ও সাধারণ প্রশিক্ষণ)-কে ১০,০০০ টাকার প্রাইজবন্ড, ক্রেস্ট ও উপ-আনুষ্ঠানিক পত্র প্রদান করা হয়।



এছাড়া, ২০২১-২২ অর্থবছরে শুদ্ধাচার পুরস্কারের জন্য মনোনীত ২য় হতে ৯ম গ্রেড ক্যাটাগরিতে জনাব মোঃ হাফিজ আহমেদ, উপ-পরিচালক (এটিএম), ১০ম হতে ১৬শ গ্রেড ক্যাটাগরিতে জনাব সুস্মিতা দেব রায়, হিসাব রক্ষক ও ১৭শ হতে ২০শ গ্রেড ক্যাটাগরিতে জনাব বাবুল হোসেন, অফিস সহায়ককে এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থসম্বলিত চেকসহ একটি সম্মাননা সনদ ও একটি ক্রেস্ট প্রদান করা হয়।



‘Flight Information Management Software and Display for the Passengers at HSIA’ এবং ‘Computer Based (Interactive) GSAT’ শীর্ষক দুইটি উদ্ভাবনী ধারণা প্রদান ও তা বাস্তবায়নের জন্য হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের সাবেক নির্বাহী পরিচালক গুপ ক্যাপ্টেন এএইচএম তৌহিদ-উল-আহসান-কে সম্মাননা হিসেবে প্রদত্ত ১৫,০০০ টাকার প্রাইজবন্ড, একটি ফ্রেস্ট এবং উপ-আনুষ্ঠানিক পত্র তার পক্ষে গ্রহণ করেন বর্তমান নির্বাহী পরিচালক গুপ ক্যাপ্টেন মোহাম্মদ কামরুল ইসলাম। সাধারণ ভবিষ্য তহবিল হতে কর্মচারীদের অর্থ উত্তোলন বিষয়ক সেবা সহজীকরণের জন্য জনাব মুহাম্মদ আব্দুল মোনেম, উপ-পরিচালক (পরিবহন), জনাব মোঃ আনোয়ার হোসেন, উপ-পরিচালক (অর্থ) এবং জনাব মোঃ খোরশেদ আলম, হিসাবরক্ষণ করণিক-কে ১০,০০০ টাকার প্রাইজবন্ড, ফ্রেস্ট ও উপ-আনুষ্ঠানিক পত্র প্রদান করা হয়।

মনোনীত বিভাগ ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দের হাতে পুরস্কার তুলে দেন অনুষ্ঠানের সভাপতি ও বেবিচক-এর চেয়ারম্যান মহোদয়। পুরস্কারপ্রাপ্তদের মধ্য হতে অনুভূতি ব্যক্ত করেন জনাব মোঃ আব্দুল মালেক, জনাব এ কে এম ফায়জুল হক ও জনাব সুস্মিতা দেব রায়। বক্তব্য রাখেন সদস্য (প্রশাসন) জনাব মোঃ মিজানুর রহমান। তিনি বাংলাদেশ সরকার কর্তৃক প্রবর্তিত এপিএ এবং এর অন্তর্ভুক্ত ইনোভেশন, শুদ্ধাচার, সিটিজেন্স চার্টার, জিআরএস, আরটিআই প্রভৃতি কার্যক্রম ভবিষ্যতে আরও আন্তরিকতার সাথে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করেন।



সভাপতির ভাষণে চেয়ারম্যান মহোদয় উল্লেখ করেন, এপিএ-তে বর্ণিত লক্ষ্যমাত্রাসমূহ যাতে ভবিষ্যতে সময়াবদ্ধভাবে অর্জিত হয় সে বিষয়ে জোরালো প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। এছাড়া, বেবিচক-এর ইনোভেশন ও সেবা প্রক্রিয়া সহজীকরণ-সংক্রান্ত কার্যক্রমের অধিক উন্নয়নে এগিয়ে আসার জন্য তিনি সকলের নিকট আহ্বান জানান। পরিশেষে তিনি পুরস্কারপ্রাপ্ত বিভাগ ও কর্মকর্তা-কর্মচারীগণকে অভিনন্দন জানান এবং বেবিচক-এর কার্যক্রমসমূহের উন্নয়নে অবদান রাখার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।



পুরস্কার প্রদান অনুষ্ঠানটি পরিচালনা করেন বেবিচক-এর পরিচালক (প্রশাসন) জনাব মোঃ জহিরুল ইসলাম।

